“বিদ্যুৎ ও জ্বালানি নিরাপত্তা
সর্বোচ্চ অগ্রাধিকার”

জাতীয় সম্পদ গ্যাসের
অপচয় রোধ করে

জাতীয় দায়িত্ব পালন করুন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন
(পেট্রোবাংলা)
ভিজিলেন্স ডিপার্টমেন্ট

সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে ২০২৩-২৪ অর্থবছরে অনুষ্ঠেয় ২য় সভার কার্যবিবরণী।

---

| | |
|---|---|
| সভাপতি | ফারহানা শাওন<br>মহাব্যবস্থাপক (অনুসন্ধান), পেট্রোবাংলা |
| সভার তারিখ | ১৪/১১/২০২৩ খ্রি. |
| সভার সময় | সকাল ১১.০০ ঘটিকা |
| স্থান | অনলাইন (জুম প্লাটফর্ম) |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক |

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে পেট্রোবাংলার ব্যবস্থাপক (ভিজিলেন্স) জানান যে, পেট্রোবাংলার বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২৩-২৪ এ উল্লিখিত সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২৩-২৪ অনুযায়ী সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে সভা আহ্বান করার জন্য মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা রয়েছে। সে পরিপ্রেক্ষিতে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন ১৩টি কোম্পানি ও সংস্থার সংশ্লিষ্ট বিভাগের সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে (অক্টোবর-ডিসেম্বর/২০২৩) সভা আহ্বান করা হয়েছে। সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন ১৩টি কোম্পানির সমন্বয়ে এটি দ্বিতীয় কোয়ার্টারের সভা। সভায় পেট্রোবাংলার আওতাধীন ১৩টি কোম্পানির সেবা প্রদান প্রতিশ্রুতির কর্মপরিকল্পনা অনুযায়ী বাস্তবায়ন অগ্রগতি নিয়ে আলোচনা হয়।

২। সভাপতি জানান যে, “পেট্রোবাংলার জন্য সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মপরিকল্পনা, ২০২৩-২৪” এর **অনুচ্ছেদ নম্বর [১.২] অনুযায়ী সংস্থার আওতাধীন ১৩টি কোম্পানির সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) তদারকির মাধ্যমে হালনাগাদ নিশ্চিতকরণের লক্ষ্যে পেট্রোবাংলার সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সদস্যদের মধ্যে নিম্নরূপভাবে দায়িত্ব বন্টন করা হয়েছে:**

| ক্রমিক | কর্মকর্তার নাম ও পদবি | দায়িত্বপ্রাপ্ত কোম্পানি নাম |
|---|---|---|
| ১। | ফারহানা শাওন<br>মহাব্যবস্থাপক (ইডি), পেট্রোবাংলা<br>ও<br>আহ্বায়ক, পেট্রোবাংলা সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি | ১। বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ (বাপেক্স) |

| | | |
|---|---|---|
| ২। | এ, টি, এম, শাব্বির আহমেদ প্রধান ব্যবস্থাপক (ভিজিলেন্স), পেট্রোবাংলা<br>ও<br>সদস্য-সচিব, পেট্রোবাংলা সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি | ১। বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড (বিজিডিসিএল)<br>২। রূপান্তরিত প্রাকৃতিক গ্যাস কোম্পানী লিমিটেড (আরপিজিসিএল)<br>৩। বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড (বিসিএমসিএল)<br>৪। মধ্যপাড়া গ্রানাইট মাইনিং কোম্পানী লিমিটেড (এমজিএমসিএল) |
| ৩। | ফয়েজুন নাহার বেগম<br>ব্যবস্থাপক (ইএসডি), পেট্রোবাংলা<br>ও<br>সদস্য, পেট্রোবাংলা সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি | ১। সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড (এসজিএফএল)<br>২। তিতাস গ্যাস ট্রান্সমিসন এন্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড (টিজিটিডিসিএল)<br>৩। জালালাবাদ গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিমিটেড (জেজিটিডিএসএল)<br>৪। পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড (পিজিসিএল) |
| ৪। | মোঃ ফিরোজ মিয়া<br>সহকারী ব্যবস্থাপক (হিসাব) পেট্রোবাংলা<br>ও<br>সদস্য, পেট্রোবাংলা সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি | ১। বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড (বিজিএফসিএল)<br>২। গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড (জিটিসিএল)<br>৩। কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড (কেজিডিসিএল)<br>৪। সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড (এসজিসিএল) |

উপর্যুক্ত ছক অনুযায়ী সংস্থার আওতাধীন ১৩টি কোম্পানির **সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) হালনাগাদ নিশ্চিতকরণের লক্ষ্যে পেট্রোবাংলার সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের সাথে নিয়মিত যোগাযোগ রাখার জন্য কোম্পানির সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটিকে সভাপতি নির্দেশনা প্রদান করেন।**

৩। সভায় পেট্রোবাংলার আওতাধীন ১৩টি কোম্পানির প্রতিনিধিগণ সভাকে অবহিত করেন যে, পেট্রোবাংলার নির্দেশনা অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে তারা তাদের স্ব স্ব সিটিজেন্স চার্টার হালনাগাদ করে ওয়েবসাইটে আপলোড করেছেন এবং প্রত্যক্ষ প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করেছেন। সভাপতি মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী সকল কোম্পানির সিটিজেন্স চার্টার হালনাগাদপূর্বক ওয়েবসাইটে আপলোড করাসহ ২০২৩-২৪ অর্থবছরের কর্মপরিকল্পনা অনুযায়ী দ্বিতীয় কোয়ার্টারের সকল কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে সম্পাদন করার নির্দেশনা প্রদান করেন।

৪। এ পর্যায়ে পেট্রোবাংলার অর্থ বিভাগের প্রতিনিধি ব্যবস্থাপক (অর্থ) সভাকে অবহিত করেন যে, পেট্রোবাংলার সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) অনুযায়ী সংস্থার অর্থ বিভাগ সংশ্লিষ্ট সেবাসমূহ নির্ধারিত সময়ের মধ্যে প্রদান করা হচ্ছে। অর্থ বিভাগ কর্তৃক প্রদত্ত সেবাসমূহ ছাড়াও আরো কোন সেবা সংযোজন করার প্রয়োজনীয়তা রয়েছে কি-না জানতে চাওয়া হলে অর্থ বিভাগের প্রতিনিধি জানান যে, আপাততঃ কোন সেবা সংযোজনের প্রয়োজনীয়তা নেই, তবে ভবিষ্যতে কোন সেবা সংযোজনের প্রয়োজন হলে পেট্রোবাংলার সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটিকে অবহিত করা হবে মর্মে তিনি জানান।

৫। সভাপতি **বার্ষিক কর্মসম্পাদন চুক্তি'র অংশ হিসেবে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত যে সকল কার্যক্রম রয়েছে তা যথাযথভাবে বাস্তবায়নের বিষয়ে গুরুত্বারোপ করেন। এছাড়া, সকল কোম্পানি ত্রৈমাসিকভিত্তিতে তাদের আওতাধীন দপ্তর/আঞ্চলিক/জোনাল/ফিল্ড/লিয়াজো/অন্যান্য অফিসের সেবা প্রদান প্রতিশ্রুতি তদারকির মাধ্যমে হালনাগাদ নিশ্চিত করবে মর্মে সভাপতি আশাবাদ ব্যক্ত করেন। বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২৩-২৪ এ উল্লিখিত সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২৩-২৪ অনুযায়ী দ্বিতীয় কোয়ার্টারের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন (সকল প্রমাণকসহ) আগামী ০৭ জানুয়ারি, ২০২৪ তারিখের মধ্যে পেট্রোবাংলায় প্রেরণের জন্যও সভাপতি নির্দেশনা প্রদান করেন।** সভাপতি সিটিজেন চার্টার অনুযায়ী প্রদত্ত সেবা যথাসময়ে প্রদানের বিষয়ে উপস্থিত সকলকে আরও তৎপর এবং কোম্পানি কর্তৃক হালনাগাদকৃত সিটিজেন্স চার্টার অনুযায়ী যথাসময়ে সেবা প্রদান করার নির্দেশনা প্রদান করেন।

৬। বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রমিক | সিদ্ধান্তের বিবরণ | বাস্তবায়নে |
|---|---|---|
| ১. | মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত যে সকল নির্দেশনা প্রদান করা হয়েছে তা যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে; | সংস্থার আওতাধীন ১৩টি কোম্পানি |
| ২. | সংস্থার আওতাধীন ১৩টি কোম্পানির সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) হালনাগাদ নিশ্চিতকরণের লক্ষ্যে পেট্রোবাংলার সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের সাথে নিয়মিত যোগাযোগ রাখাতে হবে; এবং | পেট্রোবাংলা ও সংস্থার আওতাধীন ১৩টি কোম্পানি |
| ৩. | কর্মপরিকল্পনা অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে ২য় কোয়ার্টারের (অক্টোবর-ডিসেম্বর, ২০২৩) সকল কার্যক্রম সম্পন্ন করতে হবে এবং বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন (সকল প্রমাণকসহ) আগামী ০৭ জানুয়ারি, ২০২৪ তারিখের মধ্যে পেট্রোবাংলায় প্রেরণ করতে হবে। | সংস্থার আওতাধীন ১৩টি কোম্পানি |

৭। অন্য কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

F. Shaon

ফারহানা শাওন

মহাব্যবস্থাপক (অনুসন্ধান), পেট্রোবাংলা

স্মারক নম্বর: ২৮.০২.০০০০.০০২.৩৭.০০১.২৩.৮২

তারিখ: ১২ অগ্রহায়ণ ১৪৩০

২৭ নভেম্বর ২০২৩

বিতরণ:

১) ব্যবস্থাপনা পরিচালক, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড

২) ব্যবস্থাপনা পরিচালক, বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড

৩) ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড

৪) ব্যবস্থাপনা পরিচালক, কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড

৫) ব্যবস্থাপনা পরিচালক, বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড (বিসিএমসিএল)

৬) ব্যবস্থাপনা পরিচালক, মধ্যপাড়া গ্রানাইট মাইনিং কোম্পানী লিমিটেড

৭) ব্যবস্থাপনা পরিচালক, সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড

৮) ব্যবস্থাপনা পরিচালক, জালালাবাদ গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিমিটেড

৯) ব্যবস্থাপনা পরিচালক, গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড (জিটিসিএল)

১০) ব্যবস্থাপনা পরিচালক, রূপান্তরিত প্রাকৃতিক গ্যাস কোম্পানী লিমিটেড

১১) ব্যবস্থাপনা পরিচালক , বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ (বাপেক্স)

১২) ব্যবস্থাপনা পরিচালক, সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড

১৩) ব্যবস্থাপনা পরিচালক, তিতাস গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড

১৪) ব্যবস্থাপক, ভিজিলেন্স ডিপার্টমেন্ট, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)

১৫) ব্যবস্থাপক (ডেস্ক), অনুসন্ধান বিভাগ, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)

১৬) ব্যবস্থাপক, এনভায়রনমেন্ট এন্ড সেইফটি বিভাগ, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)

১৭) সহকারী ব্যবস্থাপক, তহবিল ও বীমা শাখা, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)

F. Shaon

ফারহানা শাওন

মহাব্যবস্থাপক (অনুসন্ধান)